# ৬ষ্ঠ উপজেলা পরিষদের জুলাই-২০২৪ খ্রিঃ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ ইমতিয়াজ আহমেদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কমলগঞ্জ, মৌলভীবাজার।

সঞ্চালক : জয়নাল আবেদীন
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ, মৌলভীবাজার।

তারিখ : ৩০ জুলাই ২০২৪ খ্রিঃ।

সময় : বেলা ১১.৩০ ঘটিকা

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের নাম ও পদবি :- পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার শুরুতে সভাপতি পরিষদের সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে অদ্যকার সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

০২। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

০৩। সভায় সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.০১ | কৃষি বিভাগ | সভায় উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ জানান, আমন আবাদ লক্ষ্যমাত্রা ১৭১০৮ হেঃ নির্ধারণ করা হয়েছে। এ পর্যন্ত ১৪০০ হেঃ আবাদ হয়েছে। আবাদ চলমান রয়েছে। বর্তমানে উপজেলায় রাসায়নিক সার,বীজ ও কীটনাশক এর মজুদ পরিস্থিতি স্বাভাবিক। কোথাও কোন প্রকার সঙ্কট নেই। | কৃষিক্ষেত্রে সার্বিক তদারকি নিশ্চিত ও জনপ্রতিনিধিদের কৃষকের তালিকা প্রদানের মাধ্যমে বিতরণ কার্যক্রম ত্বরান্বিত করতে উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কমলগঞ্জ |
| ৩.০২ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ জানান, উপজেলা এডিপি'র ২০২৩-২৪ অর্থবছরের কাজ ১০০% সমাপ্ত। উপজেলা পরিচালন ও উন্নয়ন খাতের (ইউজিডিপি)-৬ষ্ঠ পর্যায় কমলগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ইপিআই কেন্দ্র নির্মান কাজ ১০০% সমাপ্ত করা হয়েছে। পিইডিপি-৪ এর আওতায় ২৩টি স:প্রা:বি: অতি: শ্রেনীকক্ষ নির্মাণ কাজ অনুমোদিত হয়েছে। তন্মধ্যে কার্যাদেশভুক্ত ১৫টি বিদ্যালয়ের কাজ ১০০% সমাপ্ত। ৮টির কাজ চলমান । গড় অগ্রগতি ৮৪%। উক্ত প্রকল্প হতে ৩৬টি বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মান কাজ অনুমোদিত হয় তন্মধ্যে ২৭টি ১০০% সমাপ্ত। আরও ৯টি বিদ্যালয়ে বাউন্ডারী ওয়াল নির্মান কাজ চলমান । গড় অগ্রগতি ৮৮.৮৯%। উক্ত প্রকল্প হতে ২টি পর্যায়ে ৫টি বিদ্যালয়ের বড় ধরনের মেরামত কাজ অনুমোদন হয় এবং কাজ ১০০% সমাপ্ত হয়। ১৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের জন্য আলাদা শ্রেনীকক্ষ নির্মান কাজের নাম অনুমোদিত হয়েছে। তন্মধ্যে শংকরপুর ও শমসেরনগর জিপিএস এর প্রধান শিক্ষকের জন্য কক্ষ নির্মান কাজ ১০০% সমাপ্ত। আর্থিক অগ্রগতি ১০০%। চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩ টি সরকারি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ ১০০% সমাপ্ত হয়েছে। কাজের গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। মুন্সীবাজার স:প্র:বি অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান। ইসলামপুর ও রামপুর স:প্রা:বি: অতিরিক্ত শ্রেনীকক্ষ নির্মান কাজ চলমান । ৩টিতে গড় অগ্রগতি ৩০%। ২নং ভানুবিল সপ্রাবি বাউন্ডারী ওয়াল নির্মান কাজের দরপত্র আহবান করা হয়েছে। Evalution প্রক্রিয়াধীন। চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৩টি বিদ্যালয়ে শ্রেনীকক্ষ নির্মাণ কাজ সমাপ্ত। কাজের গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। আইআরআইডিপি-৩ এর আওতায় এম.পি মহোদয়ের সুপারিশকৃত ৮টি রাস্তা উন্নয়ন কাজ সমাপ্ত, ৪টি রাস্তার কাজ চলমান। ৮টির অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। চলমান ৪টি কাজের গড় অগ্রগতি ৭৫%। আর্থিক অগ্রগতি ৬০%। ২টি রাস্তা মেরামত কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। আইআরআইডিপি-৪ এর আওতায় | ক) বিভাগীয় কার্যক্রম চলমান রাখতে উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আরও ২২টি রাস্তা উন্নয়ন ও ১টি বক্স কালভার্ট নির্মান কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। সিলেট বিভাগের গুরুত্বপূর্ণ গ্রামীন অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৫টির প্রকল্পের মধ্যে ৩৩টি সমাপ্ত, ১টি ব্রীজ নির্মান সহ ১টি রাস্তা উন্নয়ন কাজ চলমান, গড় অগ্রগতি ৯৮.০৫%, অতিরিক্ত ৩টি নতুন রাস্তার প্রাক্কলন অগ্রগামী করা হয়েছে। আর্থিক অগ্রগতি ৮০%। ২০২১-২২ অর্থবৎসরে জিওবি অর্থায়নে গ্রামীন "সড়ক" "সেতু" ও "কালভার্ট" মেরামত/সংরক্ষন কর্মসূচী " এর আওতায় ১১টি প্রকল্পের কাজ ১০০% ও ২০২২-২৩ অর্থবৎসরে ৯টি প্রকল্পের কাজ ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। ২০২৩-২৪ অর্থবৎসরে ১টি রাস্তার মেরামত কাজ চলমান। অগ্রগতি ৭০%। সিলেট বিভাগ গ্রামীণ এ্যাকসেস সড়ক উন্নয়ন (RARIP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ এবং ২০১৯-২০ অর্থবছরে ৬টি উন্নয়ন কাজের মধ্যে ৪টি রাস্তা ১০০% সমাপ্ত, ১টি বাতিল হয়েছে এবং ১টি ব্রীজ নির্মান কাজ সমাপ্ত হয়েছে, গড় অগ্রগতি ৭৫.৮৩%। আর্থিক অগ্রগতি ৭৫%। "সারাদেশে পুকুর ও খাল উন্নয়ন প্রকল্প (IPCP)" এর আওতায় সর্বমোট ০৬টি পুকুর ঘাটলা নির্মান কাজ সমাপ্ত। তাছাড়া নতুন ৬টি পুকুর উন্নয়ন ও ১টি খাল খনন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। আর্থিক অগ্রগতি ১০০%। Program for Supporting Rural Bridge(SuRBP) এর আওতায় ৫টি ব্রীজের ক্ষুদ্র মেরামত কাজের অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের আওতায় ১০টি ব্রীজের বৃহৎ মেরামতের কাজ ১০০% সমাপ্ত হয়েছে। ২টি গার্ডার ব্রীজ নির্মান ও ১টি আরসিসি বক্স কালভার্ট নির্মান কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। "ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে কুরমাছড়া পাবসস এর অধীন ডালুয়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। তাছাড়া লাঘাটাছড়া পাবসস এর অধীন দেওড়াছড়া ডব্লিউআরএস নির্মান সহ সংশ্লিষ্ট খাল খনন কাজ চলমান আছে। গড় অগ্রগতি ৫০%। Const. of Rural Market infrastructure Devolopement Project (CRMIDP) এর আওতায় টিলাবাজার মার্কেট ভবন নির্মান কাজের অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। "ঘূর্ণিঝড় আম্পান ও বন্যায় ক্ষতিগ্রস্থ পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন" প্রকল্পের আওতায় ৩টি প্যাকেজে (২+২+১)= ৫টি রাস্তা পুনর্বাসন কাজ সমাপ্ত । ১টি রাস্তার পুনর্বাসন কাজ চলমান। গড় অগ্রগতি ৯৫%। আর্থিক অগ্রগতি ৮০%। ১টি ব্রীজ নির্মান কাজের সয়েল টেষ্ট সম্পন্ন ও ১টি রাস্তা পুনর্বাসন কাজের প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। গ্রাম সড়ক পুনর্বাসন (VRRP) প্রকল্পের আওতায় ২০১৮-১৯ হতে ২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত ১১টি রাস্তা পুনর্বাসন কাজ ১০০% সমাপ্ত। আর্থিক অগ্রগতি ১০০%। সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ২৪টি প্রকল্পের মধ্যে ২৪টির কাজ সমাপ্ত। গড় অগ্রগতি ১০০%। আর্থিক অগ্রগতি ১০০%। তাছাড়া উক্ত প্রকল্পের ২য় পর্যায়ের আওতায় ৫০টি নতুন প্রকল্প প্রস্তাব ডিপিপিভুক্ত হয়েছে। তন্মধ্যে ০৮টি প্রকল্পের স্কীম ১০০% সমাপ্ত হয়েছে। ২টির কাজ অসমাপ্ত। তাছাড়া উক্ত প্রকল্পের ৩য় পর্যায়ের আওতায় ৬৩টির স্কীমের প্রস্তাব অগ্রগামী করা হয়েছে। হাওর অঞ্চলে ডুবো সড়ক নির্মান প্রকল্পের আওতায় ১৪টি রাস্তা উন্নয়নে ২৫ কোটি তিপ্পান্ন লক্ষ টাকার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মুজিব শতবর্ষ উপলক্ষ্যে বিভিন্ন জেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য নির্মিত গৃহের সংযোগ সড়ক ও আভ্যন্তরীন সড়ক উন্নয়নের জন্য ৮ কোটি ২২ লক্ষ টাকার প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। "আমার গ্রাম আমার শহর কারিগরী সহায়তা প্রকল্প" এর আওতায় হাওর অঞ্চলের সড়ক সংযোগবিহীন ৯টি ইউনিয়নের ৫৭টি গ্রামের নামের তালিকা প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। 'গুরুত্বপূর্ন গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প : মৌলভীবাজার জেলা' শীর্ষক প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৯৯৭২.৭০ লক্ষ টাকার রাস্তা/ব্রীজ নির্মান ও মেরামত কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ডিপিপিভুক্ত হয়েছে। 'উপজেলা ইউনিয়ন ও গ্রাম সড়কে অনুর্ধ ১০০মি: দীর্ঘ ব্রীজ নির্মান শীর্ষক' প্রকল্প এর আওতায় ডিপিপি প্রনয়নের লক্ষ্যে অগ্রাধিকার ক্রমানুসারে ১৩টি ব্রীজের তালিকা ছকসহ এ্যাপ্রাইজাল ফরমেট অগ্রগামী করা হয়েছে। "কোর রোড নেটওয়ার্ক " এর আওতায় অত্র উপজেলার ৭টি রাস্তা সমন্বয়ে একটি কোর রোড উন্নয়ন কাজের প্রস্তাব প্রেরণ করা হয়েছে।2022-23 FY Component-Wise Flood Damage Assessment of Rural infrastructure এর আওতায় ২০টি রাস্তা ডিপিপিভুক্ত হয়েছে। প্রাক্কলন প্রস্তুত করে প্রেরণ করা হয়েছে। ২টি রাস্তার সমন্বয়ে ১টি প্যাকেজ কাজ কার্যাদেশ প্রাপ্ত হয়ে কাজ শুরু হয়েছে। উক্ত প্রকল্পে নতুন ৫টি ব্রীজের সয়েল টেষ্ট সম্পন্ন হয়েছে। উপজেলা কমপ্লেক্সে অবস্থিত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন পুন:নির্মানের দরপত্র আহবানক্রমে ঠিকাদার নির্বাচিত হয়ে কার্যাদেশ প্রদান করা হয়েছে। উপজেলা প্রশাসনিক ভবনের ৪ তলার উপরে ৫ তলায় ডি-সেট সেন্টার নির্মান কাজ শুরু হয়েছে। কাজের অগ্রগতি ২০%। | | |

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | তিনি আরও বলেন, গত বছরের এডিপির টেন্ডারের সকল কাজ শেষ হয়নি। এডিপির টেন্ডারের যে সকল প্রকল্পসমূহ সংশ্লিষ্ট ইউনিয়নে পড়েছে সে সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রকল্পের কাজগুলো পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। এছাড়া এলজিডির রাস্তা পরিষ্কার পরিচ্ছন্নতা রাখা প্রকল্পে মহিলাদের আগামী সেপ্টেম্বর/অক্টোবর মাসে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ নীতিমালা অনুসরণ করে নিয়োগ দেওয়ার জন্য সভায় বলেন। উক্ত প্রকল্পে মহিলা নিয়োগে কেউ আর্থিক লেনদেন করলে বা জড়িত থাকলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় জানান। | | |
| ৩.০৩ | দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ সভাকে জানান, উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ২০২৪-২৫ অর্থ বছরে আসন্ন শারদীয় দূর্গাপূজা-২০২৪ উদযাপন এবং বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রবারণা পূর্ণিমা-২০২৪ (আশ্বিনী পূর্ণিমা) ও খ্রিষ্টীয় ধর্মাবলম্বীদের বড়দিন-২০২৪ উদযাপন উপলক্ষ্যে জিআর চাল বরাদ্দের খাত হতে বরাদ্দ প্রদানের নিমিত্ত মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় অনুষ্ঠিতব্য আসন্ন শারদীয় দূর্গাপূজা-২০২৪ এর সংখ্যা এবং বৌদ্ধ মন্দির ও গির্জার সংখ্যার তথ্য জেলা প্রশাসক, মৌলভীবাজার মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমের পাশাপাশি উন্নয়ন কার্যক্রম, সামাজিক নিরাপত্তা বেষ্ঠনীর আওতায় কার্যক্রম নিয়মিত তদারকি, আকস্মিক দূর্যোগে সহায়তা অব্যাহত রাখা ও রাস্তাসহ যে যে প্রকল্পে মানুষ বেশি উপকৃত হয় সেসকল প্রকল্প অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ করতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, হাসপাতাল বহি:বিভাগ, অন্ত:বিভাগ এবং মাঠ পর্যায়ে স্বাস্হ্য সেবা কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। জুন/২০২৪খ্রিঃ মাসের পারফর্মেন্স:<br>ক) নিরাপদ ডেলিভারীর সংখ্যা------------ ৩৪ জন।<br>খ) মোট ভর্তিকৃত গর্ভবতীর সংখ্যা----------------- ৪৯ জন।<br>ঘ) অন্ত:বিভাগে মোট ভর্তিকৃত রোগীর সংখ্যা----------- ৮৮২ জন।<br>ঙ) বহি:বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা----------- ৩১৪৭ জন।<br>চ) জরুরী বিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা--- ৩৬৯ জন।<br>ছ) ই.পি.আই কভারেজ জুন/২৪ খ্রিঃ মাসে ৯%। তিনি আরও বলেন, পাত্রখোলা চা বাগান থেকে সাপেকাটা রোগীসহ দুইজন ভর্তি হয়েছিল। দ্রুত চিকিৎসা দেওয়ার কারণে তারা সুস্থ হয়ে বাড়ি গেছেন। এছাড়া ভ্যাকসিনের টিকা সময়ে সময়ে আপডেট হয়। কুকুর কামড়ালে আগে ৫টা ভ্যাকসিন হাতে দেওয়া হতো এখন ৪টা ভ্যাকসিন দেওয়া হয়। অনেক ক্ষেত্রে রোগীরা ও রোগীর স্বজনরা ৫টি ভ্যকসিনের জায়গায় ৪টা দেওয়া হলো কেনো বলে অপপ্রচার চালায়। চক্ষু রোগীদের ধারাবাহিকভাবে চিকিৎসা দেওয়া হচ্ছে। তবে চিকিৎসক সংকট রয়েছে তাই কার্যক্রম দ্রুত ত্বরান্বিত করতে আমাদের অনেকটা সমস্যায় পড়তে হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে আলোচ্য বিষয়গুলো সুন্দর ও সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে জানা যায়, জুন/২০২৪ খ্রিঃ মাসের অগ্রগতি প্রতিবেদন পেশ করেন। তিনি বলেন, স্থায়ী পদ্ধতিঃ ০৯ জন। দীর্ঘমেয়াদী পদ্ধতিঃ আইইউডি= ১৪ জন, ইমপ্লান্ট= ৯৬ জন। অস্থায়ী পদ্ধতিঃ খাবার বড়ি= ২৪৭ জন, ইনজেকটেবলস= ১৯ জন, কনডম= ৮৪ জন, সাধারন রোগি= ১৭১১ জন। সিএআর- ৭৩.৩৬%। তিনি আরও বলেন, রহিমপুর ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রে জরুরি মেরামতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহযোগিতা প্রয়োজন। রহিমপুর ও আলীনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে ভূমি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি এবং সীমানা প্রাচীর নির্মাণ করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, আলীনগর মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং শমশেরণগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র-তে আইপিএস সরবরাহ করা প্রয়োজন মর্মে সভায় জানান। | নিরাপদ ও সচেতনতামূলক সেবা প্রদান, সাব সেক্টরগুলোতে দ্রুত সেবা প্রদান নিশ্চিত করতে ও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.০৬ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) আত্মকর্মসংস্থান কর্মসুচীতে (রাজস্ব) জুন /২০২৪ ইং মাস পর্যন্ত মোট= ২,৭৯,১০,০০০/= ( দুই কোটি উন আশি লক্ষ দশ হাজার ) টাকা ঋণ বিতরণ করা হয়েছে । এ মাসে আদায়যোগ্য ১৩৩৮০০/-টাকা ও আদায়কৃত ৯৯২০০/-টাকা , খেলাপী আদায় ০ টাকা । ক্রমপুঞ্জিত আদায়কৃত ২৩৬৫৮৭২৭/-টাকা । আদায়ের হার ৯১.৩৯%। চলতি অর্থ বছরে, হাঁসমুরগী পালন ,গরু মোটাতাজা করণ বিষয়ে ৪২০ জন যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । | ঋণ কার্যক্রম ও যুব প্রশিক্ষণ গ্রহণ করে যুবক/যুবতিরা স্বাবলম্বি হচ্ছে কিনা এবং বাস্তবে প্রশিক্ষণ কাজে লাগাচ্ছে কিনা সে বিষয়ে তদারকি নিশ্চিত করে সার্বিক কার্যক্রম সভায় তুলে ধরতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ। |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩.০৭</td><td>খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, ০৯টি ইউনিয়ন ও পৌরসভায় ৯০৬৭ জন টিসিবি কার্ডধারীদের মাঝে ৫ কেজি করে ওএমএস এর (প্রতি কেজি ৩০/- টাকা দরে) চাল বিক্রয় চলমান রয়েছে এবং খোলা বাজারে ওএমএস এর চাল কমলগঞ্জ পৌরসভায় দুইজন ডিলারের মাধ্যমে ৩০/- টাকা করে সর্বোচ্চ ৫ কেজি করে চাল এবং আটা বিক্রয় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td>লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ কার্যক্রম স্বাভাবিক রাখতে ও টিসিবি এবং ওএমএস কার্যক্রম শৃংখলাভাবে সম্পন্ন করতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জকে অনুরোধ করা হল।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.০৮</td><td>প্রাথমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ জানান, প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রম বন্ধ রয়েছে। গত বৃহস্পতিবার মৌখিক নির্দেশনা মোতাবেক শিক্ষকরা স্কুলে যাওয়া আসা করছেন। পরিস্থিতি স্বাভাবিক হলে ও সরকারি নির্দেশনা আসলে যথারীতি পাঠদান শুরু হবে। এছাড়া উপজেলা শিক্ষা অফিসের অন্যান্য সকল কার্যক্রম চলমান রয়েছে।</td><td>শ্রেণী কার্যক্রম যাতে সুষ্ঠ ও সুন্দরভাবে চালানো হয় সে বিষয়ে তদারকি নিশ্চিত করতে উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জকে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.০৯</td><td>মাধ্যমিক শিক্ষা বিভাগ</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ উপজেলার ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির মাধ্যমিক/দাখিল স্তরের শ্রেণি কার্যক্রম যথারীতি চলমান আছে। উপজেলার প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানদেরকে অনুরোধ করা হয়েছে। অত্র উপজেলার ডিজিটাল টেকনোলজি ও জীবন জীবিকা বিষয়ে শ্রেণি শিক্ষকগণ (মাধ্যমিক ও দাখিল স্তরের সমমান পর্যায়ের) নতুন কারিকুলাম কার্যক্রমের উপর গত ১০/০৬/২০২৪ খ্রি: হতে ১৪/০৬/২০২৪ খ্রি: পর্যন্ত প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। ভেন্যু কমলগঞ্জ মডেল সরকারি উচ্চ বিদ্যালয়। অত্র উপজেলায় আইসিটি মন্ত্রণালয় কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম সৃজনের জন্য ১০টি শিক্ষা প্রতিষ্ঠানকে ল্যাব বিতরণ করা হয়। ল্যাবসমূহ রক্ষণাবেক্ষণ পর্যবেক্ষনের জন্য জেলা শিক্ষা অফিস, মৌলভীবাজার এর তত্ত্বাবধানে ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষককে ০৩ দিন ব্যাপী আলাউদ্দিন কাশীনাথ স্কুল এন্ড কলেজে প্রশিক্ষণ প্রদান করা হয়। উপজেলার সকল মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসাসমূহে সরকারি নির্দেশনা মোতাবেক জাতীয় দিবসসমূহ পালনসহ প্রাত্যহিক সমাবেশে নীতিবাক্য পাঠ করা হয়। এছাড়া মাধ্যমিক বিদ্যালয়গুলোর কার্যক্রম বন্ধ রয়েছে। শিক্ষকরা স্কুলে যাওয়া আসা করছেন। চলমান এইচ.এস.সি পরীক্ষাসহ অন্যান্য পরীক্ষাসমূহ স্থগিত রয়েছে। দেশের বর্তমান পরিস্থিতি স্বাভাবিক হলে ও সরকারি নির্দেশনা পেলে শ্রেণি কার্যক্রম শুরু হবে মর্মে জানান। তিনি আরও বলেন, চলমান পরীক্ষাগুলো স্থগিত রয়েছে। বর্তমান পরিস্থিতি স্বাভাবিক হলে ও সরকারি নির্দেশনা পেলে কার্যক্রম শুরু হবে। তবে শিক্ষকরা যাওয়া আসা করবেন।</td><td>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা ও শিক্ষকদের যথোপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে তোলা ও ক্ষুদ্র নৃ-গোষ্টি শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রম সঠিকভাবে তদারকি নিশ্চিত করতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১০</td><td>উপজেলা মৎস্য বিভাগ</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ জানান, ধলাই নদীতে বিষ দিয়ে মাছ মারার কারণে ০৬(ছয়) জনের বিরুদ্ধে কমলগঞ্জ থানায় মৎস্য আইনে মামলা। কেওলার বিলে অভিযান চালিয়ে ২০০ মিটার কারেন্ট আটক এবং জনসম্মুখে বিনষ্ট করা হয়। ফিনকি গাংগে ০২টি কাটি বাঁধ অপসারণ করা হয়।</td><td>কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.১১</td><td>পল্লী উন্নয়ন বোর্ড</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন,
<table>
<tr><th>ক্র:নং</th><th>কার্যক্রম</th><th>জুলাই/২৪ মাসে</th><th>শুরু থেকে এ পর্যন্ত</th></tr>
<tr><td>১</td><td>সদস্য ভর্তি</td><td>১০</td><td>৭০৪৯ জন</td></tr>
<tr><td>২</td><td>দল/সমিতি গঠন</td><td>০</td><td>২৯০টি</td></tr>
<tr><td>৩</td><td>প্রশিক্ষণ প্রদান</td><td>০</td><td>১২০০ জন</td></tr>
<tr><td>৪</td><td>প্রদর্শণী প্লট স্থাপন</td><td>০</td><td>৩০ টি</td></tr>
<tr><td>৫</td><td>বীজ ও চারা বিতরণ</td><td>০</td><td>২৪৪ জন</td></tr>
<tr><td>৬</td><td>সঞ্চয় আমানত সংগ্রহ</td><td>২০০০০/-</td><td>৩৩,৫৫,৫০০/-</td></tr>
<tr><td>৭</td><td>শেয়ার আমানত সংগ্রহ</td><td>০</td><td>৭,৮৯,৫০০/-</td></tr>
<tr><td>৮</td><td>ঋণ বিতরণ</td><td>২,৫০,০০০/-</td><td>৫,৭১,২৭,০০০/-</td></tr>
<tr><td>৯</td><td>ঋণ আদায়</td><td>৩,০০,০০০/-</td><td>৫,৩০,০৪,০০০/-</td></tr>
<tr><td>১০</td><td>কোভিড-১৯ প্রনোদনা ঋণ বিতরণ</td><td>৩,৬০,০০০/-</td><td>৭৯,১০,০০০/-</td></tr>
</table></td><td>বিভাগীয় ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/<br>শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr>
<td>৩.১২</td>
<td>সমবায় বিভাগ</td>
<td>
অডিট যোগ্য সমিতি সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>অডিট যোগ্য সমিতি</th><th>জুন/২০২৪ খ্রি. পর্যন্ত অডিট</th><th>অডিট যোগ্য সমিতি (কেন্দ্রীয়)</th><th>জুন/২০২৪খ্রি. পর্যন্ত অডিট</th><th>জুন/২০২৪খ্রি. পর্যন্ত সর্বমোট অডিট সম্পাদন</th></tr>
<tr><td>১১০টি</td><td>১০টি</td><td>০২টি</td><td>০২টি</td><td>১০টি</td></tr>
</table>
অডিট সেস (সরকারী রাজস্ব) আদায় সংক্রান্ত তথ্য
<table>
<tr><th>জুন/২০২৪খ্রি. পর্যন্ত ধার্যকৃত</th><th>সরকারী কোষাগারে জমা</th><th>ধার্যকৃত অডিট সেস</th><th>সরকারী কোষাগারে জমা</th></tr>
<tr><td>৬০০৭০/-</td><td>৬০০৭০/-</td><td>------</td><td>৬০০৭০/-</td></tr>
</table>
অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম যথা নিয়মে পরিচালিত হচ্ছে<br>
১। সাধারণ :<br>
(ক) সমিতির সংখ্যা ঃ ২৬৪ টি। (কার্যকর ১৩০টি, অকার্যকর ১৩৪টি)<br>
(খ) সদস্য সংখ্যা ঃ ১৩,০১৭জন।<br>
(গ) পরিশোধিত শেয়ার মূলধন ঃ ১৬.৯৪ লক্ষ।<br>
(ঘ) আদায়কৃত সঞ্চয় আমানত ঃ ৪৫.৭৮ লক্ষ।<br><br>
২। আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্প<br>
দিশারী আশ্রয়ণ প্রকল্পে নিবন্ধিত সমবায় সমিতির ২৫ জন পুরুষ ও ০৫ জন মহিলা সদস্য কে বিগত ৩১/০৮/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা আদায়ের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দিশারী আশ্রয়ণ প্রকল্পে ২য় দফায় নিবন্ধিত সমবায় সমিতির ২০ জন পূরুষ ও ১০ জন মহিলা সদস্য কে বিগত ১৫/১২/২০১৫খ্রি. তারিখে গরু মোটাতাজাকরন ট্রেডে ১৫,০০০/-টাকা করে মোট ৪,৫০,০০০/- টাকা ঋণ বিতরন করা হয়। যা এক বছর পর এককালীন আদায়যোগ্য। আশ্রয়ন প্রকল্পে সর্বমোট ঋণ বিতরন করা হয় ৯,০০,০০০/-টাকা অদ্য জুন/২০২৪খ্রি. তারিখ পর্যন্ত আসল আদায় ৫,৪৫,০৮৪/- টাকা, সার্ভিস চার্জ আদায় ৪৩৬০৭/- টাকা। সর্বমোট ৫,৮৮,৬৯১/-টাকা আদায় করা হয়েছে। আদায়ের পরিমান ৬১%। আশ্রয়ন প্রকল্পে ২০ জন সদস্য তাদের ঋণের টাকা (১০০%) পরিশোধ করেছেন। অনাদায়ী ঋণ আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে।<br>
আশ্রয়ণ প্রকল্প ৪র্থ গুচ্ছ গ্রাম ভিত্তিক নতুন সমতি নিবন্ধন প্রক্রিয়া চলমান । সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) ৩য় পর্যায়, বার্ড অংশ কমলগঞ্জ উপজেলাধীন ৬০ টি সমবায় সমিতি চলমান। উক্ত সমিতির সদস্য সংখ্যা ২০১০জন, শেয়ার মূলধন ২,১১,৭০০/-, সঞ্চয় আমানত ৯,০৫,৪৮০/- টাকা রয়েছে। উক্ত টাকা সদস্যদের মধ্যে ৯,৪৫,০০০/-টাকা নিজস্ব ঋণ বিতরন করা হয়। বিতরনকৃত টাকার মধ্যে জুন/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত ৮,১০,০০০/-টাকা আদায় করা হয়েছে। অনাদায়ী ঋণের পরিমান ১,৩৫,০০০/-টাকা আদায়ের প্রচেষ্টা অব্যাহত আছে। এছাড়া সমবায় উন্নয়ন তহবিল বাবদ ৪৪,৮১৯/- আদায় করা হয়েছে। এছাড়া নিয়মিত সমবায়ীদের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অব্যাহত আছে। বিগত ২২/০৪/২০২৪খ্রি. হইতে এ উপজেলার ৪০ জন সমবায়ী পুরষ-মহিলা কে ৬০ দিন ব্যাপী ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং এবং টেইলারিং এন্ড গার্মেন্টস কোর্সে মৌলভীবাজার কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করা হয়েছে এবং প্রশিক্ষণরত আছেন।
</td>
<td>বিধি মোতাবেক বিভাগের কার্যক্রম ত্বরান্বিত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা সমবায় কর্মকর্তা</td>
</tr>
</table>

| ক্র:নং | বিভাগ/ শাখার নাম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩.১৩ | প্রাণিসম্পদ বিভাগ | (নিচের সারণি দেখুন) | বিভাগীয় কার্যক্রম ত্বরান্বিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জকে অনুররোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৪ | বন বিভাগ | **<u>বন বিভাগ:</u>** ক) সভায় রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ জানান, ডিসেম্বর-২০২৩ খ্রি: মাসে ইউ.ডি.ও.আর কোন মামলা দায়ের করা হয়নি। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক আছে। টহল জোরদার করা হয়েছে। | ক) অবৈধ গাছ ও বাঁশ কাটার বিরুদ্ধে বন বিভাগের কার্যক্রম অব্যাহত রাখতে রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | ক) রেঞ্জ বন কর্মকর্তা, কমলগঞ্জ খ) চেয়ারম্যান, সকল ইউপি। |
| ৩.১৫ | সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ জানান, বয়স্ক ও বিধবা ভাতা প্রতিস্থাপনের জন্য ইউনিয়ন পরিষদসমূহে তালিকা প্রেরণ করা হবে। যাচাই-বাচাই করে যোগ্য ভাতাভোগীদের নামের তালিকা প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে চেয়ারম্যান, আলীনগর ইউপি জানান, অনলাইনের মাধ্যমে নতুন আবেদনের সুযোগ দিলে প্রতিস্থাপন পদ্ধতি সহজ হবে মর্মে সভায় জানান। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ |
| ৩.১৬ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ জানান যে, বরাদ্দ না থাকায় ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) কার্যক্রম এর ২০২৩-২৪ চক্রের জুলাই/২৪ খ্রি: মাসের চালের ডিও জারী করা সম্ভব হয়নি। অধিদপ্তরের সাথে চুক্তিবদ্ধ এনজিও "ফেইথ ইন এ্যাকশন" কর্তৃক উপকারভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান। অধিদপ্তরের নির্দেশনা না থাকায় মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৪-২৫ অর্থবছরের জুলাই/২৪ খ্রি: মাসের উপকারভোগী নির্বাচন করা সম্ভব হয়নি। নির্দেশনা পাওয়া মাত্র উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শুরু করা হবে। অন্যান্য নিয়মিত কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। "কিশোর-কিশোরী ক্লাব স্থাপন" প্রকল্পের আওতায় উপজেলাধীন ১০ টি ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। জুন/২০২৪খ্রি: মাসে উপজেলা কমিটিতে নারী নির্যাতন সংক্রান্ত কোন অভিযোগ পাওয়া যায়নি। ০৩ নং আমল গ্রহণকারী আদালত থেকে ০১টি মালামাল উদ্ধারের মামলা পাওয়া গেছে। জুন/২০২৪ খ্রি: মাসে কোন বাল্য বিবাহের অভিযোগ পাওয়া যায়নি। | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ। |
| ৩.১৭ | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, কমলগঞ্জ জানান, বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় কমলগঞ্জ পৌরসভায় আরসিসি ড্রেনেজ নির্মাণ, ডিস্ট্রিবিউশন পাইপ লাইনের মাধ্যমে হাউজহোল্ড কানেকশন এবং ইম্প্রুভ হাউজহোল্ড টয়লেট নির্মাণের কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পান সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের উপজেলা ওয়াটসন কমিটি থেকে প্রাপ্ত টিএসপি এবং ০৬ নং গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন এবং হাইজিন ব্যবস্থার উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে ১৯০ টি পানির উৎস স্থাপনের কাজের মধ্যে ১৮৫ টি বোরিং এর কাজ সমাপ্ত এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে, ২০২৩-২৪ অর্থ বছরে ২৪ টি পানির | আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কমলগঞ্জকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, কমলগঞ্জ। |

৩.১৩ প্রাণিসম্পদ বিভাগ — বিষয় ও আলোচনা:

| কার্যক্রমের নাম | জুলাই/২০২৪ খ্রিঃ মাসের কার্যক্রম | জুলাই/২০২৪ খ্রিঃ হতে ক্রমপুঞ্জিত |
|---|---|---|
| টিকা প্রদান (গবাদি পশু) | ০০ | ০০ |
| টিকা প্রদান (হাঁস-মুরগী) | ০০ | ০০ |
| চিকিৎসা প্রদান (গবাদি পশু) | ২১১০ | ২১১০ |
| চিকিৎসা প্রদান (হাঁস-মুরগী) | ১১৮৩৩ | ১১৮৩৩ |
| কৃত্রিম প্রজনন | ২৫৬ | ২৫৬ |
| কৃত্রিম প্রজননে বাচ্চা উৎপাদনের সংখ্যা | ১০৬ | ১০৬ |
| উঠান বৈঠক | ০৭ | ০৭ |
| উঠান বৈঠক অংশ গ্রহনকারীর সংখ্যা | ১৬৭ | ১৬৭ |
| প্রশিক্ষণ(মাংস প্রক্রিয়া জাতকারী) | - | - |
| প্রশিক্ষণ (সিআইজি খামারী) | - | - |
| স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ(একর) | ০২ | ০২ |
| খামার /ফিডমিল/হ্যাচারী পরিদর্শণ(সংখ্যা) | ১১ | ১১ |
| দুধ উৎপাদন (মেট্রিক টন) | ১৬৩৪.১৩ | ১৬৩৪.১৩ |
| ডিম উৎপাদন (লক্ষ) | ৩২.৫২ | ৩২.৫২ |
| মাংস উৎপাদন (মেট্রিক টন) | ১৮০৭.২১ | ১৮০৭.২১ |

<table>
<tr><th>ক্র:নং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>উৎস স্থাপনের কাজ সমাপ্ত এবং বিভিন্ন ইউনিয়নে ইম্প্রুভ ল্যাট্রিন স্থাপনের কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় কমলগঞ্জ উপজেলার ৯টি ওয়াশব্লক যথাক্রমে জগন্নাথপুর সপ্রাবি, হোমেরজান সপ্রাবি, কুরমাঘাট সপ্রাবি, ভানুবিল-২ সপ্রাবি, হকতিয়ারখোলা সপ্রাবি, জিকে সপ্রাবি, গংগানগর সপ্রাবি, মূর্তিঙ্গা চা বাগান সপ্রাবি এবং রুপসপুর সপ্রাবি এর ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। জিপিএস প্রকল্পভূক্ত প্রাথমিক বিদ্যালয় সমূহে ওয়াশ বেসিন সম্বলিত পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে। তিনি আরও বলেন, ২০২৪-২৫ অর্থবছরে নতুন বরাদ্দ আসছে। জেলা জনস্বাস্থ্য অফিস থেকে বরাদ্দ পেলেই উপজেলা পরিষদে সভার মাধ্যমে বরাদ্দ বন্টন হবে মর্মে সভায় জানান।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.১৮</td><td>পল্লী বিদ্যুৎ বিভাগ</td><td>ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জ সভাকে জানান, জুন/২০২৪ খ্রি: মাসের নতুন সংযোগ- ৯৭ টি, পুন: সুযোগ- ২৩৬ টি, অভিযোগ গ্রহণ/নিরসন- ৫৫৪ টি, বিতরণ লাইন রক্ষণাবেক্ষণ (কি:মি:)- ০০ কি: মি:। জুন/২০২৪ খ্রি: মাসে ২২ টি ট্রান্সফরমার নতুন স্থাপন এবং ১৬ টি ট্রান্সফরমার আপগ্রেড করা হয়েছে। মানসম্মত বিদ্যুৎ সরবরাহের স্বার্থে এলটি লাইনকে এইচটি লাইনে রুপান্তর এবং অনেক পুরাতন এইচটি লাইনকে আপগ্রেড করার কাজ চলমান রয়েছে। অত্র জোনাল অফিসের আওতাধীন সকল বৈদ্যুতিক লাইনে রক্ষণাবেক্ষণ কাজ ও লাইন সংলগ্ন গাছের ডালপালা ছাটাইয়ের কাজ চলমান রয়েছে। এমতাবস্থায় কোন কোন এলাকায় বিদ্যুৎ বন্ধ থাকতে পারে। পল্লী বিদ্যুতায়ন কাজে সকলের সহযোগিতা একান্তভাবে কাম্য। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধেও সকলের সহযোগিতা কামনা করেন। জ্বালানী সংকট ও মূল্য অস্বাভাবিক বৃদ্ধির কারণে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রগুলি রেশনিং পদ্ধতিতে চালানো হচ্ছে বিধায় লোডশেডিং ০২ ঘন্টা পর পর ০১ ঘন্টা করে হবে। লোড প্রাপ্তি সাপেক্ষে লোডশেডিং এর পরিমাণ কম- বেশী হতে পারে। আমরা সব সময় নির্ভরযোগ্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করে গ্রাহকের সন্তুষ্টি অর্জন করেতে চাই। এ লক্ষ্যে আমরা অঙ্গীকারাবদ্ধ। এ বিষয়ে সরকার প্রধান ও মন্ত্রী মহোদয় বিবৃতি প্রদান করেছেন। বিদ্যুৎ পরিস্থিতির এ চরম সংকটে আপনাদের সকলের সহযোগিতা কামনা করছি। দিনের আলোতে অফিসের কাজ-কর্ম ও দোকান-পাট/সামাজিক অনুষ্ঠান সম্পন্নকরণসহ বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হতে অনুরোধ করেন।</td><td>আলোচ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক গ্রাহক সেবা নিশ্চিত করতে, ট্রান্সমিটার চুরি প্রতিরোধে গ্রাহকদের সচেতন থাকার বিষয়ে ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>ডিজিএম, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, কমলগঞ্জ</td></tr>
<tr><td>৩.১৯</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>উপজেলা শাখা ব্যবস্থাপক জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। <u>পল্লী সঞ্চয় ব্যাংক:</u><br><u>জুলাই/২০২৪খ্রি: মাসে পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম:</u><br>সমিতি গঠন- ২২৭ টি, সদস্য অন্তর্ভূক্তি- ৯৪৫৬ জন, সম্পদের মূল্য আদায় -৪.৩২, সঞ্চয় জমা ক্রমপুঞ্জিত-৪০১.০৬, ঘূর্ণায়মান তহবিল প্রাপ্তি- ৫৯৩.০৯, সঞ্চয় প্রণোদনা প্রাপ্তি- ২৩৪.৯০, ঋণ বিতরণ চলতি বছরে- ৮১৬.৪৩, ঋণ আদায় চলতি বছরে ৮০৪.৬৫।</td><td>শাখা ব্যবস্থাপক উপস্থাপন ও বিধি মোতাবেক ঋণ বিতরণ, আদায় ও সঞ্চয় জমা নিশ্চিত করবেন।</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২০</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা, কমলগঞ্জ জানান,
<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিবরন</th><th>মাসে অর্জন</th><th>অর্থ বছরে</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>১</td><td>দল গঠন</td><td>০২টি</td><td>০২টি</td><td>৪২টি</td></tr>
<tr><td>২</td><td>সদস্য ভর্তি</td><td>১৬ জন</td><td>১৬ জন</td><td>৫৯৭ জন</td></tr>
<tr><td>৩</td><td>সঞ্চয় আদায়</td><td>১.৭৩</td><td>১.৭৩</td><td>৩২.১৯</td></tr>
<tr><td>৪</td><td>ক্ষুদ্র ঋণ বিতরন</td><td>২১.১০</td><td>২১.১০</td><td>১৫০.২৫</td></tr>
<tr><td>৫</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরন</td><td>২৬.৭৫</td><td>২৬.৭৫</td><td>১৮৪.৫০</td></tr>
<tr><td>৬</td><td>ক্ষুদ্র ঋণ আদায়</td><td>৬.৮০</td><td>৬.৮০</td><td>৯৭.৯৭</td></tr>
<tr><td>৭</td><td>ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ আদায়</td><td>১০.৬১</td><td>১০.৬১</td><td>৮৮.১০</td></tr>
<tr><td>৮</td><td>সুফলভোগীদের প্রশিক্ষন প্রদান</td><td>০.০০</td><td>০০ জন</td><td>৫৬০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>জীবিকায়ন শিল্প পল্লী গঠন</td><td>০০</td><td>০০ জন</td><td>০২ জন</td></tr>
</table>
এছাড়া ঋন বিতরণ কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আদায়ের হার শতভাগ।</td><td>ঋণ বিতরণ ও ঋণ আদায় বিধি মোতাবেক কার্যক্রম চালানোর জন্য উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ)</td></tr>
<tr><td>৩.২১</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান, সদর দপ্তর কর্তৃক প্রেরিত সময়সূচী অনুযায়ী বিভিন্ন রকমের বাঙ্গী, তরমুজ, নারিকেল, কলা ইত্যাদি ফসলের আনুমানিক হিসাব, মাসিক কৃষি মজুরি, বোরো ফসলের আনুমানিক হিসাব, বোরো ফসলের দাগগুচ্ছ ৩য় পর্ব তথ্য প্রদান এবং অর্থনৈতিক শুমারি</td><td>বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার জন্য অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃনং</th><th>বিভাগ/ শাখার নাম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>২০২৪ এর লিস্টিং কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলমান।</td><td></td><td></td></tr>
<tr><td>৩.২২</td><td>তথ্য কেন্দ্র</td><td>তথ্য সেবা কর্মকর্তা জানান, তথ্যকেন্দ্রে মোট সেবাগ্রহীতার সংখ্যা ২০ জন, ডোর টু ডোর এ মোট সেবাগ্রহীতার সংখ্যা ৭৮০ জন, উঠান বৈঠকের সংখ্যা ০৩ টি, উঠান বৈঠকে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ১৫০ জন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা ০২ জন, ভিডিও প্রদর্শন- ০টি। তথ্যকেন্দ্রের কার্যক্রম সাভাবিক ভাবে চলমান। উঠান বৈঠক ও ডোর-টু-ডোর সেবা কার্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। তথ্যকেন্দ্রে যারা আসছে তাদেরকে তথ্যকেন্দ্র ভিত্তিক সেবা ও সর্বজনীন পেনশন স্কিমে অংশগ্রহণের জন্য অণুপ্রাণিত করা হচ্ছে এবং বিনামূল্যে রেজিস্ট্রেশন করে দেয়া হচ্ছে।</td><td>সহযোগিতার মাধ্যমে সেবাগ্রহীতাদের সেবা নিশ্চিত করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>তথ্য সেবা কর্মকর্তা, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৩</td><td>বিভিন্ন রাজস্ব ব্যয়</td><td>উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয় নির্বাহের জন্য সভায় আলোচনা করা হয়:
<table>
<tr><th>বিষয়</th><th>ব্যয়ের পরিমাণ</th><th>ব্যয়ের খাত</th></tr>
<tr><td>আসবাবপত্র মেরামত</td><td>৩৮,৫০০/-</td><td>আসবাবপত্র সংগ্রহ/মেরামত</td></tr>
<tr><td>ক্ষুদ্র মেরামত</td><td>২,৩৫,২০০/-</td><td>উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ি মেরামত/সংরক্ষণ/রংকরণ</td></tr>
<tr><td>কম্পিউটার মেরামত</td><td>৭,৫০০/-</td><td>অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত</td></tr>
<tr><td>সিসি ক্যামেরা মেরামত</td><td>২১,৫০০/-</td><td>সিসি ক্যামেরা ক্রয়</td></tr>
</table>
তাছাড়া প্রশাসনিক ভবন রং করনের বিষয়ে উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।</td><td>আলোচনান্তে উক্ত বিলদ্বয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ।</td></tr>
<tr><td>৩.২৪</td><td>বিবিধ</td><td>ক) চেয়ারম্যান, কমলগঞ্জ সদর ইউপি জানান, কমলগঞ্জ পৌরসভা এলাকায় ইউনিয়নের অটোরিক্সা গেলে রেজিস্ট্রেশন আবার করতে হয় বিধায় অটোরিক্সা চালকরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়। অটোরিক্সার রেজিস্ট্রেশন সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে নির্ধারিত ফি জমা দিয়ে করলে পৌরসভা থেকে না করার প্রস্তাব করেন।<br>খ) মেয়র, কমলগঞ্জ পৌরসভা, জানান, কমলগঞ্জ পৌরসভা থেকে বিভিন্ন ইউনিয়নের যাওয়ার রাস্তা রয়েছে। অনেক রাস্তাই সংস্কার করা প্রয়োজন। তিনি বলেন, ১) কমলগঞ্জ রেঞ্জ অফিস থেকে আলেপুর পর্যন্ত রাস্তা, ২) আলীনগর ইউপির শ্রীচন্দ্রপুর ভায়া রামেশ্বরপুর রাস্তা, ৩) কমলগঞ্জ সরইবাড়ি হতে কমলগঞ্জ সদর চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত রাস্তাগুলো সংস্কার ও পাকাকরণ প্রয়োজন। এই রাস্তাগুলো এলজিইডির রাস্তার আইডিতে ঢুকানোর জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া অটোরিক্সার কোন রোড পারমিট নেই। এসব অটোরিক্সা পৌরসভায় আসলে পৌর পরিষদের সিদ্ধান্ত অনুযায়ী পৌরসভায় নির্ধারিত ফি নিয়ে আমরা পৌরসভার রেজিস্ট্রেশন প্রদান করি।<br>গ) চেয়ারম্যান, মাধবপুর ইউপি জানান, বালুভর্তি ট্রাক রাস্তার ক্ষমতার চেয়ে বেশি ভার বহনকারী ট্রাক রাস্তার ক্ষতি করছে যা অচিরেই রাস্তা ভেঙে যাবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণ করেও কোন সমাধান হয় নি মর্মে সভায় জানান। এছাড়া ধলাই নদীর বাঁধগুলো পরিদর্শন করার জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।<br>ঘ) চেয়ারম্যান, মুন্সিবাজার ইউপি জানান, মুন্সিবাজার বাদেশ্বরপুর গ্রামে প্রাথমিক বিদ্যালয়ে অনেক মুসলিম ছাত্র-ছাত্রীরা বেশি বিধায় ইসলামপুর ধর্মশিক্ষা পড়ানোর জন্য একজন মুসলিম শিক্ষক পদায়নের জন্য তিনি অনুরোধ জানান।</td><td>ক) এই বিষয়ে পৌরসভায় মেয়র ও ইউপি চেয়ারম্যানদের নিয়ে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জকে অনুরোধ করা হয়।<br>খ) রাস্তাগুলো পাকাকরন ও সংস্কার করার জন্য এলজিডির আইডিতে ঢুকানোর প্রয়োজনীয় ব্যবস্থা করার জন্য উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।<br>গ) উল্লেখিত বিষয়ে তদারকি নিশ্চিত করে কাজের গুনগতমাণ সঠিক কিনা তা যাচাইপূর্বক বিল পরিশোধের বিষয়ে উপজেলা প্রকৌশলী,কমলগঞ্জকে অনুরোধ করা হয়।<br>ঘ) বাদেশ্বরপুর গ্রামে প্রাথমিক বিদ্যালয়ে একজন মুসলিম শিক্ষক পদায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, কমলগঞ্জকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী কমলগঞ্জ।</td></tr>
</table>

সভাপতি চলমান ছাত্র আন্দোলনে দুষ্কৃতিকারীরা যে হামলা করেছে তার তীব্র নিন্দা জানান। তিনি আরও জানান, নিরপেক্ষতা বজায় রেখে দেশের উন্নয়নে সবাইকে কাজ করে যেতে হবে। সভায় আলোচনা প্রাণবন্ত হয়েছে। সে মোতাবেক জবাবদিহিতার মাধ্যমে সকলে সঠিকভাবে দায়িত্ব পালনের আহব্বান জানান। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি অত্র সভায় গৃহীত সিদ্ধান্তের সঠিক বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৪/০৮/২০২৪

(মো: ইমতিয়াজ আহমেদ)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
কমলগঞ্জ, মৌলভীবাজার।

স্মারক নং-০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.০৩৮.২৪-

তারিখঃ ২০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য।

০১) বীর মুক্তিযোদ্ধা উপাধ্যক্ষ ড. মো: আব্দুস শহীদ-এমপি, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
০২) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪) পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৫) জেলা প্রশাসক, মৌলভীবাজার।

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:-

০৭) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ।
০৮) উপজেলা.......................................কর্মকর্তা, কমলগঞ্জ, মৌলভীবাজার।
০৯) মেয়র, কমলগঞ্জ পৌরসভা, কমলগঞ্জ, মৌলভীবাজার।
১০) চেয়ারম্যান,-------------------------------------- ইউ. পি. (সকল) কমলগঞ্জ, মৌলভীবাজার।
১১) জনাব/বেগম--------------------------------------

০৪/০৮/২০২৪

(জয়নাল আবেদীন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কমলগঞ্জ, মৌলভীবাজার।

(ঙ) উপজেলা পরিষদের ২য় সভার হাজিরা :-

Date: ৩০/০৭/২০২৪

| ক্র:নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| | উপদেষ্টা: | |
| ০১. | জনাব উপাধ্যক্ষ ড: মো: আব্দুস শহীদ এমপি, মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, ঢাকা | |
| | সভাপতি ও সদস্যবৃন্দের নাম ও পদবী | |
| ০১. | জনাব মো: ইমতিয়াজ আহমেদ, চেয়ারম্যান উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ সভা, কমলগঞ্জ | – |
| ০২. | জনাব মো: আব্দুল ওহাব, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ | [signature] |
| ০৩. | জনাব বিলকিস বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, কমলগঞ্জ | বিলকিস ৩০/৭/২৪ |
| ০৪. | জনাব মো: জুয়েল আহমেদ, মেয়র, কমলগঞ্জ পৌরসভা | [signature] |
| ০৫. | জনাব মো: ইফতেখার আহমেদ বদরুল, চেয়ারম্যান, ০১ নং, রহিমপুর ইউনিয়ন | [signature] ৩০/০৭/২০২৪ |
| ০৬. | জনাব আলি আহমদ খান, চেয়ারম্যান, ০২ নং, পতনঊষার ইউনিয়ন | [signature] |
| ০৭. | জনাব নাহিদ আহমেদ তরফদার, চেয়ারম্যান ০৩ নং, মুন্সীবাজার ইউনিয়ন | [signature] |
| ০৮. | জনাব মো: জুয়েল আহমদ, চেয়ারম্যান, ০৪ নং, শমসেরনগর ইউনিয়ন | – |

CamScanner

Date : ..............................

| | | |
|---|---|---|
| ০৯. | জনাব মো: আব্দুল হান্নান, চেয়ারম্যান ০৫নং, কমলগঞ্জ ইউনিয়ন | |
| ১০. | জনাব মো: নিয়ামত মোর্শেদ বাবুল, চেয়ারম্যান ০৬নং, আলীনগর ইউনিয়ন | ৩০/৭/২৪ |
| ১১. | জনাব মো: আবদুর রহমান হোসেন, চেয়ারম্যান, ০৭নং, আদমপুর ইউনিয়ন | ৩০/০৭/২০২৪ |
| ১২. | জনাব মো: আহমদ আলী, চেয়ারম্যান, ০৮নং, মাধবপুর ইউনিয়ন | ৩০/৭/২০২৪ |
| ১৩. | জনাব মো: সুলেমান মিয়া, চেয়ারম্যান, ০৯নং, ইসলামপুর ইউনিয়ন | ৩০/৭/২৪ |
| | বিভাগীয় কর্মকর্তাবৃন্দ | |
| ১৪. | মো: ফখরুল ইসলাম উপজেলা প্রকৌ: | 30.7.2024 |
| ১৫. | সুমন্ত কুমার দাস, উপজেলা কৃষি অফিসার | ৩০/৭/২৪ |
| ১৬. | মো: মাহিদুর রহমান সিদ্দিকী, উপজেলা মৎস্য অফিসার | ৩০/৭/২৪ |
| ১৭. | ইমরান আলী, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (কো.) | 30.07.24 |
| ১৮. | সাঈদ মাজহারুল হাসান - ইউ আর ডিও, বিআরডিবি | ৩০/৭/২৪ |
| ১৯. | ইউসুফ মিয়া | |
| ২০. | সুজন আহম্মেদ, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌ. | |
| ২১. | মাহমুদুল আলম টিআই, আনসার | |

Date :

| | | |
|---|---|---|
| ২২. | ডাঃ মাহবুবুল আলম ভূঁইয়া, UH&FPO | |
| ২৩. | মোঃ মারুফ হোসাইন UFPO | |
| ২৪. | শামসুন নাহার — UAVDO | |
| ২৫. | মো: মাহবুবুর রহমান, UDF, UGDP, LGD/JICA | |
| ২৬. | মো: মোহাম্মদ আলী, বন প্রহরী | |
| ২৭. | মো: আব্দুল করিম যুব উন্নয়ন অফিসার | |
| ২৮. | মো: সাইফুল ইসলাম তালুকদার, উপজেলা শিক্ষা অফিসার | |
| ২৯. | মো: ইমামুল হাসান সাকিব, খাদ্য পরিদর্শক | |
| ৩০. | আমছুন নাহার পারভীন USEO | |
| ৩১ | শাহজাদী আনাম UPO | |
| ৩২ | মোছা: মোসনে আরা তালুকদার UWAO | |
| ৩৩. | স্বর্ণালী সিনহা, তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র | |
| ৩৪ | মোঃ মালিক আহম্মদ ভূঁইয়া, উপজেলা সমবায় অফিসার | |